

# ■■ মিশকাতুল মাসাবীহ (মিশকাত)

হাদিস নাম্বারঃ ৩৬৪৬

পর্ব-১৭: দণ্ডবিধি (كتاب الحدود)

পরিচ্ছেদঃ ৬. দ্বিতীয় অনুচ্ছেদ - মদের বর্ণনা ও মধ্যপায়ীকে ভীতিপ্রদর্শন করা

# আরবী

وَعَنْ عَائِشَةَ عَنْ رَسُولِ اللَّهِ صَلَّى اللَّهُ عَلَيْهِ وَسَلَّمَ قَالَ: «مَا أَسكرَ مِنْهُ الفرْقُ فَمِلْءُ الْكَفِّ مِنْهُ حَرَامٌ» . رَوَاهُ أَحْمَدُ وَالتِّرْمِذِيُّ وَأَبُو دَاؤد

#### বাংলা

৩৬৪৬-[১৩] 'আয়িশাহ্ (রাঃ) হতে বর্ণিত। তিনি বলেন, রাসূলুল্লাহ সাল্লাল্লাহ্ আলাইহি ওয়াসাল্লাম বলেছেনঃ যে জিনিসে এক 'ফারক্ক' পরিমাণ নেশা সৃষ্টি করে, তা হাতের অঞ্জলি পরিমাণ হলেও হারাম। (আহমাদ, তিরমিয়ী ও আবূ দাউদ)[1]

# ফুটনোট

[1] সহীহ : তিরমিয়ী ১৮৬৬, আবূ দাউদ ৩৬৮৭, আহমাদ ২৪৪৩২, ইরওয়া ২৩৭৬, সহীহ আল জামি' ৪৫৫২।

### ব্যাখ্যা

ব্যাখ্যা: খত্ত্বাবী বলেনঃ ফারক্ব বলতে ১৬ রিত্বল। নিহায়াহ্ গ্রন্থে বলা হয়েছে, ১৬ রিত্বল তথা ১২ মুদ্রা যা তিন সা'। আহলে হিজায়দের নিকট কারো মতে ফার্ক্ন হলো পাঁচ কিন্তু আর এক কিন্তু সমান অর্ধেক সা'।

ত্বীবী বলেনঃ এক "ফার্র্ক" আর হাতের অঞ্জলি দ্বারা কম বেশী উদ্দেশ্য। নির্ধারিত কোনো পরিমাণ উদ্দেশ্য। খত্ত্বাবী বলেনঃ এটা সুস্পষ্ট বর্ণনা নেশাগ্রস্ত সামান্য পানীয় হারাম। ('আওনুল মা'বূদ ৬৯ খন্ড, হাঃ৩৬৮৪)

[এক ফার্ক্ন পরিমাণ তিন সা'। আর এক সা' সমান প্রায় ৩ কেজি ৩২৪ গ্রাম।]

## হাদিসের মান: সহিহ (Sahih) পুনঃনিরীক্ষিত

পাবলিশারঃ হাদিস একাডেমি 🛘 বর্ণনাকারীঃ আয়িশা বিনত আবূ বাকর সিদ্দীক (রাঃ)



 $\textit{\textbf{\textit{9}}} \; \mathsf{Link} - \mathsf{https://www.hadithbd.com/hadith/link/?id=} 68973$ 

👲 হাদিসবিডির প্রজেক্টে অনুদান দিন